

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৪২৬৮

শান্তিরবাজার, ১৬ ডিসেম্বর, ২০২৩

জোলাইবাড়ি ব্লকের পূর্ব চড়কবাই গ্রাম পঞ্চায়েতে সুশাসন শিবির

দেশের গরীব অংশের মানুষের কল্যাণে কেন্দ্রীয় সরকার  
বিভিন্ন পরিকল্পনা নিয়ে কাজ করছে : কেন্দ্রীয় প্রতিমন্ত্রী

দেশের গরীব অংশের মানুষের কল্যাণে কেন্দ্রীয় সরকার বিভিন্ন পরিকল্পনা নিয়ে কাজ করছে। রাজ্যে দারিদ্র্যসীমার নীচে বসবাসকারী গৃহহীন পরিবারের মধ্যে প্রায় ৯০ শতাংশ মানুষ প্রধানমন্ত্রী আবাস যোজনায় ঘর পেয়েছেন। অবশিষ্টদেরও এই যোজনায় আবাস দেওয়া হবে। আজ বিকশিত ভারত সংকল্প যাত্রা ও প্রতি ঘরে সুশাসন ২.০ অভিযানে জোলাইবাড়ি ব্লকের পূর্ব চড়কবাই গ্রাম পঞ্চায়েত কার্যালয় প্রাঙ্গণে সুশাসন শিবিরের উদ্বোধন করে একথা বলেন কেন্দ্রীয় সামাজিক ন্যায় ও ক্ষমতায়ন প্রতিমন্ত্রী প্রতিমা ভৌমিক। অনুষ্ঠানে তিনি আরও বলেন, প্রধানমন্ত্রী মুদ্রা যোজনায় সারা দেশে ২৬ লক্ষ সুবিধাভোগীকে ঋণ দেওয়া হয়েছে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি জনকল্যাণে যে ১৮টি কেন্দ্রীয় ফ্ল্যাগশিপ প্রকল্প ঘোষণা করেছেন। এই প্রকল্পগুলির সুবিধা যাতে দেশের প্রতিটি যোগ্য সুবিধাভোগীগণ পায় সেই লক্ষ্যে বিকশিত ভারত সংকল্প যাত্রা শুরু হয়েছে। কেন্দ্রীয় প্রতিমন্ত্রী বলেন, প্রধানমন্ত্রীর স্বপ্ন ২০৪৭ সালের মধ্যে বিকশিত ভারত নির্মাণ করা। অনুষ্ঠানে সমবায়মন্ত্রী শুক্লাচরণ নোয়াতিয়া কেন্দ্র ও রাজ্য সরকারের বিভিন্ন প্রকল্পগুলির সুবিধা নিতে জনগণের প্রতি আহ্বান জানান।

সুশাসন শিবিরে মহকুমা প্রশাসনের পক্ষ থেকে পিআরটিসি, এসসি, এসটি, ম্যারেজ ও ইনকাম সার্টিফিকেট পাওয়ার আবেদনপত্র গ্রহণ করার পাশাপাশি স্বাস্থ্য দপ্তরের পক্ষ থেকে স্বাস্থ্য শিবির ও স্বসহায়ক দলের উৎপাদিত সামগ্রীর প্রদর্শনীও আয়োজন করা হয়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন জোলাইবাড়ি পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান রবি নমঃ, বিএসির চেয়ারম্যান অশোক মগ, শান্তিরবাজার মহকুমার মহকুমা শাসক অভেদানন্দ বৈদ্য, জোলাইবাড়ি ব্লকের বিডিও মানস ভট্টাচার্য।

\*\*\*\*\*